



সিনিয়র সচিবের দপ্তর	
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব	<input type="checkbox"/> জরুরী ব্যবস্থা নিন
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (পরিকল্পনা)	<input type="checkbox"/> উপস্থাপন করুন
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (রপ্তানী)	<input type="checkbox"/> মহাব্যসহ উপস্থাপন করুন
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (আইআইটি)	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (প্রশাসন)	
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (আইআইটি)	
<input type="checkbox"/> ডিজি (ডব্লিউআইও সেল)	
<input type="checkbox"/> মহাপরিচালক (টিও)	
<input type="checkbox"/> সিনিয়র সচিবের একান্ত সচিব	
নম্বর.....	স্বাক্ষর
তারিখ: ২৩/১১/২২	

গোপনীয়

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

আধা-সরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০০৮.২১-১৩১

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৯/ ১১ ডিসেম্বর ২০২২

প্রিয় সহকর্মী,

গত ২৭ নভেম্বর ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠিত সচিব-সভায় মাননীয় প্রধানমন্ত্রী সচিবগণের উদ্দেশে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর অনুরোধ, নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ সংক্ষেপে নিম্নরূপঃ

- খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য সর্বাঙ্গিক প্রচেষ্টা চালাতে হবে। পতিত জমিতে ফসল ফলাতে হবে। যব, কাউন ইত্যাদি ফসল উৎপাদনের উদ্যোগ নিতে হবে। প্রত্যন্ত অঞ্চলে কোনো জমি যেন অনাবাদি না থাকে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী করে যুব সমাজকে গড়ে তুলতে হবে;
- বিলাসী ও অপ্রয়োজনীয় দ্রব্যাদির আমদানি নিরুৎসাহিত করতে হবে। উপযুক্ততা ও সম্ভাব্যতা বিবেচনায় আমদানি পণ্যগুলো দেশে উৎপাদনের উদ্যোগ নিতে হবে;
- বিদেশি বিনিয়োগ আনয়নের প্রচেষ্টা জোরদার এবং বিনিয়োগ প্রস্তাব দ্রুত কার্যকর করতে হবে;
- রফতানি বহুমুখীকরণ করতে হবে। তৈরি পোশাক ছাড়াও অন্যান্য দ্রব্য যেমন আইসিটি ডিভাইস উৎপাদন ও রফতানি বৃদ্ধি করতে হবে;
- ভবিষ্যতে যেন বিদ্যুৎ সংকট না হয় সেজন্য এখন থেকেই ব্যবস্থা নিতে হবে। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হবার পাশাপাশি জ্বালানির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ করতে হবে। এয়ারপোর্টের উপযুক্ত স্থানে সোলার প্যানেল স্থাপন করতে হবে, সেচ যন্ত্রসমূহকে সৌরবিদ্যুতের আওতায় আনতে হবে এবং তরল জ্বালানি (হাইড্রোজেন ভিত্তিক) উৎপাদনের বিষয়টিও বিবেচনায় রাখতে হবে;
- উন্নয়ন প্রকল্প নির্বাচন অগ্রাধিকার ভিত্তিক হতে হবে। বিশেষ করে ইত:পূর্বে কৃত প্রকল্পের শ্রেণিবিভাজন (ক, খ ও গ শ্রেণির প্রকল্প) অনুসরণপূর্বক দ্রুত শেষ করা যায় এমন প্রকল্প বাছাই করতে হবে। বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা পরিহার করতে হবে। সর্বোচ্চ সাশ্রয়ী উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া বিদেশি সাহায্যপুষ্ট প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;
- দেশে একজনও ভূমিহীন ও গৃহহীন থাকবে না। জমি ও ঘর প্রদানের পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে;
- প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১ এবং এসডিজি ২০৩০ এর লক্ষ্য অর্জনে সকল মন্ত্রণালয়কে কাজ করতে হবে;
- যে কোনো সংকট মোকাবেলায় প্রস্তুত থাকতে হবে;
- বিদেশের সঙ্গে সম্পাদিত Memorandum of Understanding (MoU) এর ফলোআপ করতে হবে এবং তা যেন যথাসময়ে কার্যকর হয় সেদিকে খেয়াল রাখতে হবে;
- মন্ত্রণালয়/বিভাগসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সরকারের উন্নয়ন, অগ্রগতি ও সাফল্য ওয়েবসাইটে তুলে ধরতে হবে;

অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
যুগ্মসচিব (প্রশাসন-১)
যুগ্মসচিব (প্রশাসন-২)
ব্যক্তিগত কর্মকর্তা

অ: পৃ: দ্র:

DS/1/1/1/1
২৩/১১/২০২২

DS(AA-4)

১৩. নিয়মিত নদী ড্রেজিংয়ের মাধ্যমে নাব্যতা বৃদ্ধি করতে হবে। স্লুইসগেট বা অন্য কোনো কারণে যেন জলাবদ্ধতার সৃষ্টি না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। বিশেষ করে জলাবদ্ধতার জন্য যেন উৎপাদন ব্যাহত না হয় তা নিশ্চিত করতে হবে;
১৪. মাদক, জঙ্গীবাদ, সন্ত্রাস দূর করতে হবে। জঙ্গী বা সন্ত্রাসীরা যেন দেশের ভেতরে অর্থ ও আশ্রয় না পায় তা নিশ্চিত করতে হবে। যুবসমাজকে মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ থেকে মুক্ত রাখতে হবে। খেলাধুলার চর্চা বৃদ্ধি করতে হবে;
১৫. সর্বস্তরে সুশাসন ও শুদ্ধাচারের চর্চা বৃদ্ধি করতে হবে;
১৬. বজ্রপাতপ্রবণ এলাকায় তালগাছ রোপণ করতে হবে;
১৭. গাড়ি বা অন্য কোনো দ্রব্য আমদানির ক্ষেত্রে যথাযথ নিয়ম মানা হচ্ছে কি না সেদিকে দৃষ্টি দিতে হবে;
১৮. সরকারি ব্যয় নিয়ন্ত্রণে কৃচ্ছতা সাধনের কার্যক্রম বৃদ্ধি করতে হবে;
১৯. ডিজিটাল অপপ্রচারের বিষয়টির দিকে দৃষ্টি রাখতে হবে এবং রোধ করতে হবে;
২০. নিয়মিত রেললাইন সংস্কারসহ রেলপথ নিরাপদ ও সচল রাখতে হবে। রেলওয়ের উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২১. দক্ষ মানবসম্পদ সৃষ্টির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
২২. কৃষি, বিজ্ঞান ও স্বাস্থ্যক্ষেত্রে গবেষণা কার্যক্রম গ্রহণ করতে হবে;
২৩. অগ্নিকান্ড প্রতিরোধে আধুনিক অগ্নিনির্বাপন যন্ত্র সংগ্রহপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২৪. প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে ফেলো-আপ সভা করে সচিব-সভার সিদ্ধান্ত অবগত ও বাস্তবায়ন করতে হবে।

০২। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা ও সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজ্য ক্ষেত্রে আপনার মন্ত্রণালয়/বিভাগ হতে প্রয়োজনীয় উদ্যোগ নিয়ে সে সম্পর্কে আমাকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে

আন্তরিকভাবে আপনার,


(খন্দকার আনোয়ারুল ইসলাম)

জনাব তপন কান্তি ঘোষ
সিনিয়র সচিব
বাণিজ্য মন্ত্রণালয়